# তিন বিশ্ববিদ্যালয় পেল নতুন উপাচার্য

নিজস্ব প্রতিবেদক
২৮ জুলাই ২০২৬, ১২:০০ এএম




তিন বিশ্ববিদ্যালয়ে নতুন উপাচার্যদের দায়িত্ব দিয়েছে সরকার। গতকাল সোমবার শিক্ষা মন্ত্রণালয় থেকে জারি করা আলাদা প্রজ্ঞাপনে নেত্রকোনা বিশ্ববিদ্যালয়, হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয় এবং কিশোরগঞ্জ বিশ্ববিদ্যালয়ের নতুন উপাচার্যদের দায়িত্ব দেওয়া হয়েছে। আগামী চার বছরের জন্য তারা এ পদে দায়িত্ব পালন করবেন।

প্রজ্ঞাপনের তথ্য বলছে, নেত্রকোনা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য পদে দায়িত্ব পেয়েছেন রাজশাহী বিশ্ববিদ্যালয় শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের অধ্যাপক মো. খালেদ উজ্জামান। তিনি এ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক খন্দোকার আশরাফুল মুনিমের স্থলাভিষিক্ত হলেন।

হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হিসেবে দায়িত্ব পেয়েছেন শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়য়ের ফুড ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টি টেকনোলজি বিভাগের অধ্যাপক মো. মোজাম্মেল হক। তিনি এ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক সৈয়দ সায়েম উদ্দিন আহমেদের স্থলাভিষিক্ত হলেন।

আর কিশোরগঞ্জ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য পদে দায়িত্ব পেয়েছেন রাজশাহী বিশ্ববিদ্যালয়ের প্রাণিবিদ্যা বিভাগের অধ্যাপক মো. হাবীবুর রহমান। তিনি এ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক দীলিপ কুমার বড়ুয়ার স্থলাভিষিক্ত হলেন।